

## গফরগাঁও-এ ৪টি কলেজের জরাজীর্ণ অবস্থা

গফরগাঁও (ময়মনসিংহ), ৩ জুলাই (সংবাদদাতা)।— গফরগাঁও উপজেলার ৪টি কলেজ আর্থিক সংকটের সম্মুখীন হয়েছে। ফলে কোন কোন কলেজের অস্তিত্বই বিপন্ন হয়ে পড়েছে।

গফরগাঁও ডিগ্রি কলেজটির প্রয়োজনীয় সম্প্রসারণ সম্ভব হচ্ছে না। একটি বিল্ডিং নির্মাণের কাজ অসমাপ্ত অবস্থায় পড়ে রয়েছে। এ কলেজের বেশ কয়েকটি শ্রেণী কক্ষ

ও লাইব্রেরীর জন্যে পৃথক বিল্ডিং নির্মাণ করা দরকার হয়ে পড়েছে। গফরগাঁও উপজেলার কান্দিপাড়া ডিগ্রি কলেজটিও নানা সমস্যায় জর্জরিত। অপরদিকে অর্থাভাবে গয়েশপুর কলেজটির অস্তিত্ব বিপন্ন হয়ে পড়েছে। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর এলাকাবাসীর দাবীতে নারী শিক্ষার প্রসারকল্পে সাবেক সংসদ সদস্যের উদ্যোগে গফরগাঁও মহিলা কলেজ স্থাপিত হয়। আর্থিক সংকট হেতু উক্ত মহিলা কলেজটির অস্তিত্বও বিপন্ন। উপজেলা পরিষদ হতে যে হারে অর্থবরাদ্দ করা হয়েছে তা প্রয়োজনের তুলনায় খুবই কম বলে জানা গেছে।